



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

website: www.gzmcfeni.gov.bd, e-mail: zmc\_sskroadfeni@yahoo.com

Facebook page : সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী, ELIN:106643, Mobile: 01309-106643

স্মারক নং-সজিমক/২০২৬/ ৫২(ক)

তারিখ : ১৭/০২/২০২৬ খ্রি.

### বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত সকল শাখার ছাত্রীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯, তারিখ : ০২/০২/২০২৬ খ্রি. মোতাবেক উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ছাত্রীদের মধ্যে যে সকল ছাত্রী উপবৃত্তির ফরম নিতে আগ্রহী তাদেরকে নিম্নে বর্ণিত তারিখে উপবৃত্তির ফরম সংগ্রহ, জমা দেওয়ার নির্দেশ প্রদান করা হলো। বর্ণিত তারিখের পর কোন ফরম দেওয়া বা গ্রহণ করা হবে না। আর্থিকভাবে স্বচ্ছল ছাত্রীদের আবেদন না করার নির্দেশ দেওয়া হলো। ছাত্রীদের সাক্ষাৎকারের ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। সাক্ষাৎকারের সময়সূচি পরবর্তিতে জানানো হবে।

ক্রমিক নং	বিবরণ	তারিখ	স্থান	সময়
০১	আবেদন ফরম সংগ্রহ	২২/০২/২০২৬ খ্রি. হতে ২৫/০২/২০২৬ খ্রি. পর্যন্ত	কলেজ ওয়েবসাইট	সকাল ১০:০০টা হতে
০২	প্রিন্ট ও পূরণকৃত আবেদন ফরম জমা	২৩/০২/২০২৬ খ্রি. হতে ২৫/০২/২০২৬ খ্রি. পর্যন্ত	কলেজ অফিস	দুপুর ১২:০০টা পর্যন্ত

আবেদন ফরমের সাথে যা জমা দিতে হবে:

- শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মানিবন্ধন সনদের ফটোকপি।
- শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি।
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)।
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)।
- এসএসসি/সমমান পরীক্ষা পাশের ট্রান্সক্রিপ্টের ফটোকপি।

শর্তাবলী :

- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবলমাত্র পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (NID) দিয়ে খোলা জেনারেল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/ বৈধ সচল মোবাইল ব্যাংকিং নম্বর ব্যবহার করতে হবে। জেনারেল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে চেক বইয়ের প্রথম পৃষ্ঠার ফটোকপি জমা দিতে হবে।
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে। মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে।

বি: দ্র: ভুল/অসম্পূর্ণ তথ্য প্রদানকারী ছাত্রীর আবেদন ফরম অনলাইনে এন্ট্রি সম্পন্ন করা না গেলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম)

আইডি নং-৯৬৭৫

অধ্যক্ষ

সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম

আইডি- ৯৬৭৫

অধ্যক্ষ

সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

(মোহাম্মদ ইমাম হোসেন)

আইডি নং-০০০১৮১০০

সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান ও

আস্রায়ক

একাদশ শ্রেণির উপবৃত্তি কমিটি-২০২৫-২০২৬

সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী